Department of Education
Chancellor Richard A. Carranza

8 জুলাই, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি আপনারা এ পর্যন্ত সামারের একটি অবসরপূর্ণ সময় কাটাচ্ছেন, এবং সুস্থ ও নিরাপদ আছেন। আমি আজ লিখছি ফল (হেমন্ত মৌসুম) সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য আপনাদেরকে জানাবর উদ্দেশ্যে, যে সময়ে 2020-2021 শিক্ষা বছরের জন্য স্কুল আবার শুরু হবে। এই চিঠির শেষে, আপনি স্কুলের সময়সূচি, স্বাস্থ্য এবং সুরক্ষার নিয়ম-নীতি, এবং আরও অনেক বিষয়সহ সুসংগঠিত তথ্য পাবেন। অনুগ্রহ করে schools.nyc.gov/returntoschool2020, ওয়েবসাইটের যেখানে আরও তথ্য রয়েছে, এবং আমরা যখন স্কুল পুনরায় খোলার আরও কাছাকাছি সময়ে পৌঁছুবো তখন যেসব তথ্য নিয়মিত হালনাগাদ করা হবে, সেগুলি জানতে বুকমার্ক (চিহ্নিত) করে রাখুন।

স্বাস্থ্য এবং সুরক্ষার প্রতিশ্রুতিই আমরা যা কিছু করছি তার চালিকা শক্তি। এটিই আমাদেরকে গত মার্চে দূর থেকে শিক্ষা পদ্ধতিতে নিয়ে গেছে, যখন আমরা জানতাম যে, নিউ ইয়র্ক সিটিব্যাপী কোভিড-19 সংক্রমণের উর্ধ্বমুখী রেখাটিকে (curve) নামিয়ে আনতে স্কুল ভবনগুলো বন্ধ করা অত্যাবশ্যক ছিলো। এটি ছিলো দারুণভাবে চ্যালেঞ্জপূর্ণ, কিন্তু আপনি এবং আপনার সন্তানেরা অবিশ্বাস্য দক্ষতা এবং চেষ্টার মাধ্যমে এবং স্কুল কম্যুনিটিসমূহ ঐক্যবদ্ধ হয়ে ঐতিহাসিকভাবে সেটি সম্ভব করেছেন।

এখন, প্রায় চার মাস পরে, স্বাস্থ্য এবং সুরক্ষার প্রতি আমাদের প্রতিশ্রুতি নতুন স্কুল বছরে আমাদেরকে চালিত করবে। আমরা এই সময়ের মধ্যে এতটা ঐক্যবদ্ধ হয়েছি, এবং যখন সেপ্টেম্বরের দিকে দৃষ্টি দেই, আমরা দেখি একটি বৃহৎ ছবি: দেশব্যাপী সংক্রমণের হার অব্যাহত আছে; সিটি, স্টেট, এবং ফেডারেল হেলথ্ কর্তৃপক্ষের কাছ থেকে বর্তমান গাইডেন্স; এবং ভাইরাসটির বিতবর্তন সম্পর্কিত জ্ঞান যেমন অব্যাহতভাবে পবিবর্তিত হচ্ছে, আমাদের অনূসৃত নিয়ম-নীতিও অবশ্যই বিবর্তিত হতে হবে। যখন সেই নির্দেশনা আসে, আমরা প্রস্তুত থাকবো, এবং তার সাথে মানানসই হবার জন্যও প্রস্তুত থাকবো। আমরা আগামী বছরের জন্য বিভিন্ন অগ্রাধিকার এবং উদ্বেগ বিষয়ের একটি জরিপে পরিবার এবং শিক্ষার্থীদের কাছ থেকে 400,000-এর অধিক উত্তর পেয়েছি, এবং আপনাদের মতামত আমাদের পরিকল্পনায় গুরুত্ব পেয়েছে।

সব কিছু একত্রিত করার পরে, এই ছবিটি দাবি করে, আমরা যেন 2020-21 স্কুল বছরটি একটি অভিনব উপায়ে শুরু করি—এর অন্তর্ভুক্ত নতুন স্বাস্থ্য নিয়ম-নীতি, শারীরিক দূরত্ব বজায় রাখা, এবং আরও অনেক কিছু। ভুলবেন না: নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীগণ প্রতি সপ্তাহে তবুও 5 দিন শিক্ষা লাভ করবে। একটি প্রধান পার্থক্য হবে আমরা প্রস্তুত হচ্ছি মিশ্রিত শিক্ষণ মডেলের মাধ্যমে তাদের শিক্ষা দান করার জন্য। মিশ্রিত শিক্ষণ মডেলে শিক্ষার্থীরা সপ্তাহের একটি অংশে শিক্ষালাভ করবে স্কুল ভবনে অনসাইট উপস্থিত হয়ে, এবং বাড়িতে অবস্থান করে দূর থেকে শিক্ষায় অংশগ্রহণ করবে সপ্তাহের বাকি দিনগুলোতে।

যেকোনো পরিবার যেকোনো কারণে পুরোটাই দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) বেছে নিতে পারে। কিন্তু আমরা জানি যে অধিকাংশ পরিবার চায় সশরীরে উপস্থিত হয়ে যতটা সম্ভব নিরাপদে শিক্ষা নিতে, এবং আমরা প্রত্যেক বারে সেটি সবচেয়ে বেশি বৃদ্ধি করতে কাজ করবো, যা স্বাস্থ্য এবং সুরক্ষার শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। আমরা নেতৃত্ব দেবো সমতা এবং শ্রেষ্ঠত্বের দৃষ্টিকোণ থেকে, আপনার সন্তানকে তার সাফল্যের জন্য প্রয়োজনীয় সব দিয়ে - এবং ওইসব বিষয়গুলি বুঝে যে, তার সহপাঠীদের একের থেকে অন্যের জন্য পথগুলি ভিন্ন ভিন্ন হবে, বিশেষ করে এই দুর্যোগের সময়ে। এই ভাইরাসটি যে আমাদের কম্যুনিটিগুলির প্রাতিষ্ঠানিক জাতিবিদ্বেষকে আরও বৃদ্ধি করেছে, সেসব থেকে আমরা দৃষ্টি সরাবো না। আমরা কাঠামোগত বৈষম্যকে সরাসরি সংশোধন করার সুযোগ অনুসন্ধান অব্যাহত রাখবো - যেমন ডিজিটাল বিভাজন বন্ধ করা।

আমাদের পরিকল্পনাগুলি অবশ্যই হবে ক্ষিপ্র গতিসম্পন্ন যাতে গণ-স্বাস্থ্যের দৃশ্যপট পরিবর্তনের সাথে সাথে আমরা প্রয়োজন অনুযায়ী সেগুলিকে মানানসই এবং হালনাগাদ করে নিতে পারি। আমরা স্টেট অভ নিউ ইয়র্কের নীতি-নির্দেশনারও অপেক্ষায় আছি, এবং সেগুলি প্রকাশ হবার সাথে সাথে আমরা সেগুলোকে ভালভাবে সমন্বিত করবো। Aসকল সর্বশেষ হালনাগাদ তথ্য পাওয়া যাবে

Department of Education
Chancellor Richard A. Carranza

schools.nyc.gov/returntoschool2020, ওয়েবপেজে, এবং এই চিঠির শেষে রয়েছে আপনার জন্য এই মূহুর্তের সর্বাধিক গুরুত্বপূর্ণ তথ্য। অনুগ্রহ করে মনে রাখবেন, এই নিয়ম-নীতির পরিবর্তন হতে পারে জন-স্বাস্থ্য অবস্থার বিবর্তনের সাথে সাথে।

শেষে, আমি বলতে চাই আমি আনন্দিত, এবং আমি চিন্তিতও বটে—ঠিক আপনারই মতো। আমি জানি সশরীরে উপস্থিত থাকা এবং দূর থেকে শিক্ষায় অংশগ্রহণ করা, উভয়টির মিশ্রণকে গত তিন মাসের পূর্ণকাল দূর থেকে শিক্ষার অভিজ্ঞতার একটি উন্নত সংস্করণ মনে হতে পারে, কিন্তু তবুও নানান প্রশ্ন এবং উদ্বেগ থেকেই যায়। আমরা এই পথের প্রতিটি স্তরে ভাইবোনের সময়সূচি, পরিবহন, স্কুলে যদি নিশ্চিত কোন কেস পাওয়া যায় সেক্ষেত্রে করণীয়, এবং আরও অনেক বিষয়ের প্রশ্নের উত্তর দিতে আপনার সাথে কাজ করবো। আপনার জন্য সহজ করতে যা কিছু করা দরকার আমি তার সবই করবো —এবং স্বাস্থ্য এবং সুরক্ষা বিষয়ে কোন আপোস করবো না।

আমরা সবসময়ই বলছি যে নিউ ইয়র্ক সিটিতে বিশ্বের সবচেয়ে সেরা শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবার রয়েছে, এবং কোন কিছুই তা পরিবর্তন করতে পারবে না। ফল-এ (হেমন্তে) স্কুলে নিরপদভাবে ফিরে যাওয়া, আমাদের পুরো সিটির বৃহত্তর সুরক্ষার জন্য আমাদেরকে—DOE কর্মী, পরিবার, এবং শিক্ষার্থীদেরকে, অবশ্যই পার্টনার হিসেবে সমন্বিতভাবে কাজ করতে হবে। একসাথে মিলিত হয়ে আমরা আমাদের 1.1 মিলিয়ন শিক্ষার্থী—আমাদের সন্তানদেরকে—NYC পাবলিক স্কুল সিস্টেমে তারা তাদের প্রাপ্য সুরক্ষা, সম্ভাব্য সর্বোচ্চ সহায়তাসহ শিক্ষা লাভ নিশ্চিত করতে পারবো।

বিনীত,

রিচার্ড এ. কারান্‌জা (Richard A. Carranza) চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

# রিটার্ন টু স্কুল 2020: গুরুত্বপূর্ণ তথ্য

## সার্বিক পথনির্দেশনা

- 2020-21 শিক্ষা বছর শুরু হবে 2020 সালের সেপ্টেম্বর থেকে। আগামী কয়েক সপ্তাহের মধ্যে আমরা স্কুলের প্রথম দিন সম্পর্কে বিস্তারিত তথ্য জানাবো।
- NYC-এর শিক্ষার্থীরা স্কুল ভবনে গিয়ে ও অথবা দূরে থেকে সপ্তাহের 5 দিন লেখাপড়া করবে।
- আমরা সামাজিক দূরত্বসহ বিদ্যমান স্বাস্থ্য ও সুরক্ষার নিয়ম প্রতিপালনসাপেক্ষে প্রত্যক্ষ নির্দেশনার সময়সীমা যতটুকু সম্ভব বৃদ্ধি করবো। শিক্ষার্থীরা শিক্ষায় অংশগ্রহণ করবে হয় একটি মিশ্রিত মডেলের (বাড়িতে অবস্থান করে দূর থেকে শিক্ষা এবং স্কুল ভবনে গিয়ে প্রত্যক্ষ শিক্ষা, উভয়টির মিলিয়ে), না-হয় পূর্ণকাল বাড়িতে অবস্থান করে দূর থেকে, যদি আপনি তা বেছে নেনে।
- স্বাস্থ্য কর্মকর্তারা স্পষ্ট জানিয়েছেন, কোভিড-19 বিস্তার রোধ করার ক্ষেত্রে নিরাপত্তার বিধানগুলো অনুসরণ করা হচ্ছে গুরুত্বপূর্ণ বিষয়, এগুলো হলো: সামাজিক দূরত্ব বজায় রাখা, মুখ ঢেকে রাখা (মাস্ক পরা), হাত ধোওয়া এবং অসুস্থ হলে ঘরে অবস্থান করা।

## আপনার সন্তানের কর্মসূচি তৈরি করা

এখন অবধি চলমান স্বাস্থ্য ও সুরক্ষার বিধান প্রতিপালন করে, আমরা কোনোদিনই স্কুল ভবনে 100% শিক্ষার্থীর উপস্থিত রাখতে সক্ষম হবো না। অগাস্টে আপনি স্কুল থেকে আপনার সন্তানের নির্দিষ্ট সময়সূচি সম্পর্কে জানতে পারবেন।

মিশ্রিত শিক্ষণ মডেলে শিক্ষার্থীরা সপ্তাহের একটি অংশ শিক্ষালাভ করবে স্কুল ভবনে অনসাইট উপস্থিত হয়ে, এবং বাড়িতে অবস্থান করে দূর থেকে শিক্ষায় অংশগ্রহণ করবে সপ্তাহের বাকি দিনগুলোতে।

- স্কুলগুলো সীমিতসংখ্যক মডেল থেকে একটি সময়সূচি বেছে নেবে যাতে তাদের স্কুল ভবনের আয়তন বিষয় বিবেচনা করে এবং সময়সূচি নির্ধারণে পিতামাতা ও শিক্ষার্থীদের সামঞ্জস্যবিধানের বিষয়টিতে অগ্রাধিকার প্রদান করে করা হবে।
- আপনি প্রত্যাশা করতে পারেন যে আপনার সন্তান বা ছেলেমেয়েরা প্রতি সপ্তাহে পর পর দুই দিন স্কুলে যাবে, এর সাথে থাকবে গ্রুপ বা সহপাঠী শিক্ষার্থীদের সাথে চক্রাকারে বাড়তি সশরীরে অংশগ্রহণের কর্মসূচি।
- স্কুল সর্বাত্মক চেষ্টা করবে সশরীরে উপস্থিত শিক্ষানির্দেশনা নিরাপত্তা বজায় রেখে পরিচালনা করার, এবং আপনার প্রিন্সিপ্যাল আপনার সন্তানের সময়সূচি অগাস্ট মাসে আপনাকে জানিয়ে দেবেন।

আমরা জানি যে অনেক পরিবার আছেন যরা ফল-এ (হেমন্তে) স্কুল ভবনে ফিরে যেতে স্বস্তি বোধ না করতে পারেন। আপনি আপনার সন্তানের জন্য পুরোটাই দূর থেকে শিক্ষা বেছে নিতে পারবেন; জুলাই মাসের 15 তারিখে আপনাদের কাছে একটি ওয়েব ফর্ম পাঠানো হবে যার মাধ্যে আপনি আপনার পছন্দের কথা 7 অগাস্টের মধ্য জানিয়ে দিতে পারবেন। যেসব পরিবার শিক্ষা বছরের শুরু থেকে পুরোটাই দূর থেকে শিক্ষা বেছে নেবেন, তাদেরকে ত্রৈমাসিক ভিত্তিতে সশরীরে স্কুলে উপস্থিত হয়ে শিক্ষানির্দেশনা লাভে প্রত্যাবর্তনের সুযোগ দেওয়া হবে।
শিক্ষা বছর শুরু হওয়ার পর, পরিবারসমূহ যে কোনো সময় পুরোটাই দূর থেকে শিক্ষার সুযোগ বেছে নিতে পারবে।

Department of Education
Chancellor Richard A. Carranza

## স্বাস্থ্য ও সুরক্ষার নতুন নিয়ম-নীতি

- কোনো স্কুল ভবনের সবাইকে (শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্করাসহ) সব সময় কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে, এর আওতায় পড়বে ক্লাসরুম, সবার ব্যবহার্য উন্মুক্ত স্থান, এবং লাঞ্চ পিরিয়ড।
- স্কুল ভবনে সকল শিক্ষার্থী, স্টাফ এবং দর্শনার্থীদের মুখ ঢেকে রাখা হবে বাধ্যতামূলক। যেসব শিক্ষার্থী ও স্টাদের প্রয়োজন, তাদেরকে একবার ব্যবহার্য নাক-মুখের মুখোশ (মাস্ক) দেওয়া হবে।
    - বয়সের কথা বিবেচনাসহ কিছু কিছু ক্ষেত্রে শিক্ষার্থীদের বেড়ে ওঠা সংক্রান্ত কারণে এর ব্যতিক্রম হতে পারে।
- শিক্ষার্থী স্টাফদের জন্য হ্যান্ডওয়াশিং ও স্যানিটাইজার ব্যবহারের বর্ধিত সুযোগ পাবে। স্কুলগুলোতে হ্যান্ড স্যানিটাইজার (জীবানুনাশক) ও জীবানুনাশক টিস্যুসহ বাড়তি পরিচ্ছন্নতা উপকরণ সরবরাহ করা হবে।
- স্কুল চলাকালে যদি কোনো শিক্ষার্থী বা স্টাফদের কেউ অসুস্থ হয়ে পড়ে, তার জন্য সকল স্কুল 'আইসোলেশন রুম' (পৃথকীকরণ কক্ষ) হিসেবে একটি স্থান ঠিক করে রাখবে।
- আমাদের ভবনগুলো পুঙ্খানুপুঙ্খভাবে প্রতি রাতে ইলেক্ট্রোস্ট্যাটিক জীবানুনাশক স্প্রেয়ার দিয়ে পরিচ্ছন্ন করা হবে, এবং উন্নততর বায়ুনিষ্কাশন নিশ্চিত করার জন্য HVAC সিস্টেমের মানোন্নয়ন করা হচ্ছে।

## সমতা এবং শ্রেষ্ঠত্ব: আমাদের চলমান প্রতিশ্রুতি

এমন একটি দুর্যোগের মধ্যেও শিক্ষাক্ষেত্রে সকল শিক্ষার্থীর জন্য সমতা ও শ্রেষ্ঠত্বের আমাদের দর্শন অক্ষুণ্ণ থাকবে। গুরুত্বপূর্ণ প্রাতিষ্ঠানিক, মনোসামাজিক, এবং অন্যান্য সহায়তা প্রদান করে আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক সাফল্য অর্জনে সহায়তাদানের প্রতি আমরা প্রখর দৃষ্টি নিবদ্ধ রাখছি যাতে তাদের শিক্ষালাভের সম্ভাবনাকে পূর্ণ বিকাশ অবাধ করা যায়—তারা কে, সেটা বিবেচনা ছাড়াই। আমরা উচ্চমান, প্রতিটি শিক্ষার্থীর স্ব স্ব চাহিদাভিত্তিক শিক্ষানির্দেশনার প্রতি মনোযোগ নিবদ্ধ রাখছি। এ ছাড়াও আমাদের ছেলেমেয়েদের সম্ভাবনার সর্বোচ্চ বাস্তবায়নে সহায়তাদানের জন্য আরও যা যা করবো, তার কিছু হলো:

- আমরা শিক্ষার্থীদেরকে পুনরায় স্কুল ভবনে খাপ খাওয়াতে ও পরিবর্তনের সাথে মানিয়ে নিতে সময় দেবো।
- আমরা মূল পাঠ্য বিষয়বস্তুর শিক্ষানির্দেশনায় মনো-সামাজিক শিক্ষণ ও আঘাত-প্রাপ্তদের পরিষেবাদান সম্পর্কে ওয়াকিবহাল পরিচর্যা সমন্বিত করবো এবং 2020-2021 শিক্ষা বছর জুড়ে নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুলে মানসিক স্বাস্থ্য বিষয়ক সহায়তা লাভের বিষয়কে অগ্রাধিকার দেবো।
- যেসব শিক্ষার্থীর IEP আছে, তাদের মধ্যে যারা এই ফল-এ (হেমন্তে) সরাসরি উপস্থিতি বেছে নেয়, তাদের জন্য আমরা সম্ভাব্য অধিক পরিমাণে সশরীরে পরিষেবাদান অব্যাহত রাখবো।
- বহুভাষীক শিক্ষার্থী একটি শিক্ষানির্দেশনা প্রোগ্রাম পাবে যা তাদের ভাষাগত অগ্রগতি ও পাঠ্য বিষয়বস্তুর জ্ঞান অর্জন, উভয়টিতে অব্যাহত অগ্রগতি নিশ্চিত করবে।

## আপনাকে অবহিত রাখা

আমরা ইতিহাসে কখনও ঘটেনি, সেরকম একটি শিক্ষা বছরের পরিকল্পনা চূড়ান্ত করছি, কাজেই আমরা জানি আমাদের শিক্ষার্থী, সকল পরিবার, এবং স্টাফদের প্রস্তুত করার জন্য তাদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা কত মূল্যবান।আমরা জানি যে তথ্য

Department of Education
Chancellor Richard A. Carranza

দিচ্ছি, তার প্রতিটির ব্যাপারে আরও প্রশ্ন জাগতে পারে। অনুগ্রহ করে সর্বশেষ তথ্যের জন্য রিটার্ন টু স্কুল 2020 ওয়েবপেজ schools.nyc.gov/returntoschool2020 নিয়মিত দেখুন।

সামার (গ্রীষ্ম) জুড়ে আমরা পরিবার, শিক্ষার্থী,এবং কমিউনিটির নেতৃবৃন্দের সাথে অব্যাহতভাবে সংশ্লিষ্ট থাকবো—কেন্দ্রীয়ভাবে DOE-এর মাধ্যমে, এবং প্রতিটি স্কুল কমিউনিটির মাধ্যমে, উভয়ভাবে।

- কেন্দ্রীয়, DOE একটি ধারাবাহিক অনলাইন ফ্যামিলি অ্যান্ড স্টুডেন্ট ইনফরমেশন সেশন (তথ্য অধিবেশন) আয়োজন করবে যাতে পরিবারের পক্ষ থেকে প্রাপ্ত প্রশ্নের উত্তর ও উদ্বেগের সমাধান দেওয়া যায়। এগুলোর প্রথমটি হবে 16 জুলাই। আরও বিস্তারিত ও পূর্ণাঙ্গ সময়সূচি পাওয়া যাবে http://www.schools.nyc.gov/returntoschool2020ওয়েবপেজে।
- আমরা কমিউনিটি ও এডভোকেট রাউন্ডটেবিল মিটিং, নির্বাচিত গণপ্রতিনিধি ও কমিউনিটি এডুকেশন কাউন্সিল লিডারদের ব্রিফিং ইত্যাদি আয়োজন করবো।
- CBO-ভিত্তিক শিশু শিক্ষা প্রোগ্রামে এনরোল করা ছেলেমেয়ের পরিবার ও ছেলেমেয়েদের জন্য সুনির্দিষ্ট নিয়ম-নীতি খুব শীঘ্রই জানানো হবে।